ডেটিং অ্যাপের আড়ালে ‘হানি ট্র্যাপ’?

সিএ খুনে তরুণী-সহ ধৃত ২

আজকালের প্রতিবেদন

ভার্চুয়াল জগতের বন্ধুত্ব যে বাস্তবে মরণফাঁদ হয়ে উঠতে পারে, তার জ্বলন্ত প্রমাণ মিলল কসবার ঘটনায়। মাত্র ২৪ ঘণ্টার মধ্যে বীরভূমের যুবক আদর্শ লোসাল্কা (৩৩)–এর খুনের রহস্যের কিনারা করল কলকাতা পুলিশ। রবিবার দুপুরে গ্রেপ্তার করা হল কোমল সাহা (২০) ও ধ্রুব মিত্র (২০) নামের দুই সঙ্গীকে। তাদের সঙ্গেই ঘটনার দিন হোটেলের ঘর ভাড়ায় নিয়েছিলেন আদর্শ। হোটেলের সিসি ক্যামেরা ফুটেজ ও গেস্ট রেজিস্টার খতিয়ে দেখে তাদের চিহ্নিত করেন তদন্তকারীরা। এদিন কসবা এলাকা থেকেই তাদের গ্রেপ্তার করা হয়। পুলিশের প্রাথমিক ধারণা, ডেটিংয়ের নাম করে যুবককে হোটেলে ডেকে এনে টাকা হাতানোই ছিল মূল উদ্দেশ্য। অন্যদিকে, ময়নাতদন্তের প্রাথমিক রিপোর্টে চিকিৎসকেরা দুটি প্রধান বিষয়ে জানিয়েছেন। মৃত্যুর আগে আদর্শ লোসাল্কা যে খাবার খেয়েছিলেন, তা পেটে মণ্ড আকারে ছিল। সেই খাবার থেকে মদ (অ্যালকোহল)–এর গন্ধ পাওয়া গিয়েছে। যুবকের মৃত্যু কোনও আত্মহত্যা বা দুর্ঘটনা নয়। তাঁকে শ্বাসরোধ করে খুন করা হয়েছে। গলায় চাপ দেওয়ার ফলেই শ্বাস বন্ধ হয়ে তিনি মারা যান। পুলিশি তদন্তে উঠে এসেছে চাঞ্চল্যকর তথ্য। জানা গিয়েছে, একটি জনপ্রিয় ডেটিং অ্যাপের মাধ্যমেই আদর্শের সঙ্গে পরিচয় হয়েছিল অভিযুক্ত তরুণী কোমলের। সেই আলাপ গড়ায় সাক্ষাতে। কিন্তু প্রথম দেখাতেই কোমল একা আসেনি। সঙ্গে নিয়ে এসেছিল পূর্ব পরিচিত বন্ধু ধ্রুব মিত্রকে। শুক্রবার রাতে তিনজন কসবার ওই অভিজাত হোটেলে একসঙ্গে চেক ইন করেন। ধৃতদের ম্যারাথন জেরার পর পুলিশ জানতে পেরেছে, ওই রাতে হোটেলের বন্ধ ঘরের ভেতরেই আদর্শের সঙ্গে টাকাপয়সা নিয়ে বচসা শুরু হয় কোমল ও ধ্রুবর। কথা কাটাকাটি হাতাহাতি পর্যন্ত গড়ায়। ধৃতদের দাবি, সেই ধস্তাধস্তির সময়েই আচমকা মেঝেতে পড়ে যান আদর্শ। নাকে গুরুতর আঘাত লাগে তাঁর। শুরু হয় প্রবল রক্তক্ষরণ। পরিস্থিতি হাতের বাইরে চলে যাচ্ছে বুঝতে পেরে ভোরের আলো ফোটার আগেই চেক আউট করে চম্পট দেয় অভিযুক্ত দুই সঙ্গী।

শনিবার দুপুরে কসবার শান্তিপল্লির ওই হোটেল থেকে আদর্শ লোসাল্কার বিবস্ত্র ও রক্তাক্ত দেহ উদ্ধার হয়। ঘটনার পর থেকেই পলাতক ছিল অভিযুক্তরা। পুলিশ তদন্তে নেমে হোটেলটির সিসি ক্যামেরা ফুটেজ খতিয়ে দেখেন। ধ্রুব ও কোমল যে পরিচয়পত্র দেখিয়ে হোটেলে চেক–ইন করেছিল, সেগুলিও পরীক্ষা করা হয়। এভাবেই তাদের চিহ্নিত করে পুলিশ। লালবাজার সূত্রের খবর, ধ্রুব মিত্র নদিয়ার রানাঘাটের বাসিন্দা। কোমল সাহার বাড়ি উত্তর ২৪ পরগনার ব্যারাকপুরের মোহনপুরে। এদিকে, তারা একসঙ্গে দমদমের পূর্ব সিঁথিতে থাকে বলেও জানতে পেরেছেন তদন্তকারীরা। তাহলে কি ধ্রুব ও কোমল সম্পর্কে স্বামী–স্ত্রী নাকি তারা দমদমের ঠিকানায় লিভ–ইন করত? বিষয়টি খতিয়ে দেখা হচ্ছে। পুলিশ এই বিষয়টিও খতিয়ে দেখছে, এটি কি নিছকই টাকার লোভে ঘটা কোনও ঘটনা, নাকি এর পেছনে বড় কোনও ‘ব্ল্যাকমেলিং’ বা প্রতারণা চক্র কাজ করছে? ধৃত অভিযুক্তরা এর আগেও কোনও ব্যক্তির সঙ্গে একই পদ্ধতিতে প্রতারণা করেছে কিনা, সে দিকটিও তদন্ত করে দেখছে পুলিশ।

‘এসআইআর: বিহার এবং বাংলা শীর্ষক আলোচনাচক্রে বক্তব্য পেশ করছেন যোগেন্দ্র যাদব। রয়েছেন সুজাত ভদ্র, শক্তিমান ঘোষ, প্রসূন ভৌমিক, ইমানুল হক। উদ্যোগ এসআইআর বিরোধী গণ আন্দোলনের। রবিবার, ভারত সভা হলে। ছবি: তপন মুখার্জি

সিনেমাটোগ্রাফারের ঝুলন্ত দেহ উদ্ধার

আজকালের প্রতিবেদন

ফ্ল্যাট থেকে উদ্ধার হল সিনেমাটোগ্রাফারের ঝুলন্ত দেহ। রবিবার ঘটনাটি ঘটেছে কসবা থানা এলাকায়। মৃতের নাম সৌম্যদীপ্ত গুঁই (৪২)। তিনি বোসপুকুর রোডের একটি আবাসনে থাকতেন। সৌম্যদীপ্ত টলিপাড়ায় ভিকি নামে পরিচিত ছিলেন। প্রাথমিক ভাবে পুলিশের অনুমান, তিনি আত্মহত্যা করেছেন।

সৌম্যদীপ্ত গুঁই

১৫ বছরের বেশি সময় ধরে ইন্ডাস্ট্রির সঙ্গে যুক্ত ছিলেন ভিকি। কাজ করেছেন পরিচালক প্রেমেন্দুবিকাশ চাকী ও রাজা চন্দ–সহ বহু পরিচালকের সঙ্গে। এ বছরের মুক্তিপ্রাপ্ত ‘ভূত’পূর্ব ছবির সিনেমাটোগ্রাফারও ছিলেন সৌম্যদীপ্ত। স্ত্রী ও এক সন্তান রয়েছে ভিকির। ফেডারেশনের নিয়মমাফিক শেষকৃত্য এবং শ্রাদ্ধাদির জন্য ১৫ হাজার টাকা তাঁর পরিবারকে তুলে দেওয়া হবে বলে চিত্রগ্রাহক গিল্ডের সম্পাদক স্বপন মজুমদার জানিয়েছেন। ভিকির মৃত্যুতে তাঁর পরিবারের পাশে কীভাবে থাকা যায়, তা ফেডারেশনের সভাপতি স্বরূপ বিশ্বাসের সঙ্গে কথা বলে ঠিক করা হবে বলে জানান সম্পাদক। বাংলাদেশের ছবিতেও কাজ করেছেন ভিকি। ‘অপারেশন সুন্দরবন’ নামক এক ছবির দায়িত্ব ছিল তাঁর ওপর। তাই ভিকির মৃত্যুতে শোকবার্তা এসেছে ওপার বাংলা থেকেও। পর্যাপ্ত কাজ না পেয়েই মানসিক ভাবে বিধ্বস্ত হয়ে পড়েছিলেন ভিকি? উঠছে সেই প্রশ্ন।

অসুস্থ আরও ৪ বিএলও

● ১ পাতার পর

রবিবার সকালে পরিবারের লোকেরা দেখেন, তিনি বিছানায় শুয়ে আছেন। বাড়ির লোকেদের ধারণা হয়, রাত জেগে কাজ করে ক্লান্ত হয়ে ঘুমিয়ে পড়েছেন সুমন। এই সময় এলাকার এক ব্যক্তি ফর্ম জমা দিতে এসে গায়ে হাত দিয়ে ডাকতে গিয়ে বুঝতে পারেন, সুমন অজ্ঞান হয়ে বিছানায় পড়ে রয়েছেন। এরপরই তাঁকে নিয়ে যাওয়া হয় হাবড়া হাসপাতালে। চিকিৎসকেরা জানিয়েছেন, তাঁর শারীরিক অবস্থা নিয়ে উদ্বেগ রয়েছে।

অন্য দিকে,পূর্ব বর্ধমানের কাটোয়ার ১৪৭ নম্বর বুথের বিএলও শুকদেব দাস অসুস্থ হয়ে ভর্তি হলেন হাসপাতালে। রবিবার সকালে পূরণ করা এনুমারেশন ফর্ম সংগ্রহের জন্য বাড়ি থেকে বেরোনোর সময় আচমকা বুকে ব্যথা অনুভব করেন শুকদেব। ঘামতে ঘামতে বাড়ির দরজাতেই বসে পড়েন। সঙ্গে সঙ্গে তাঁকে কাটোয়া মহকুমা হাসপাতালে নিয়ে গিয়ে ভর্তি করা হয়। চিকিৎসক সোমনাথ মুখার্জির দাবি, প্যানিক অ্যাটাকের কারণে এটা হয়েছে। হাসপাতালের বেডে শুয়ে শুকদেব বলেন, ‘রোজ গড়ে ৮ ঘণ্টা ধরে ঘোরাঘুরি করতে হচ্ছে। তারপর বাড়ি ফিরেও শান্তি নেই। ফর্মের পূরণ করা তথ্য ডিজিটাইজ করতে হচ্ছে। নেট সংযোগের সমস্যার জন্য প্রায়ই রাত কাবার হয়ে যাচ্ছে। আবার এত তাড়াতাড়ি বিপুল কাজ করে জমা দেওয়ার সময় বেঁধে দেওয়া হয়েছে। এই মানসিক চাপের জন্য দিন পনেরো ঘুম হয়নি। সব মিলিয়ে বিধ্বস্ত হয়ে পড়েছি। এর আগে কাটোয়া–১ ব্লকে বিএলওর প্রশিক্ষণ নিতে এসে এসআইআরের কাজের বিপুল চাপের প্রসঙ্গ তুলে কেঁদে ফেলেছিলেন দেবাশিস দাস নামে এক বিএলও। বলেন, ‘এর থেকে নির্বাচন কমিশন আমাকে গুলি করে মেরে দিক। বেঁচে যাব।’

তথ্য ও ছবি: গৌতম চক্রবর্তী, নিরুপম সাহা ও চন্দ্রনাথ মুখোপাধ্যায়

এনআইএ অফিসার সেজে ধৃত ৩

গিরিশ মজুমদার
শিলিগুড়ি, ২৩ নভেম্বর

দিল্লি বিস্ফোরণের মামলায় যখন দেশ জুড়ে তদন্ত চলছে, তখন অভিযান চালাচ্ছে এনআইএ। আর সেই সুযোগে প্রতারকরাও নেমে পড়েছে ময়দানে। ভুয়ো এনআইএ অফিসার সেজে অভিযান শুরু করেছে। পুলিশের হাতে ধরা পড়ে গেল তিন প্রতারক। অভিযোগ, জাতীয় তদন্তকারী সংস্থার (এনআইএ) পরিচয় ব্যবহার করে শিলিগুড়ি শহরে দাপিয়ে বেড়াচ্ছিল তিন যুবক। তদন্তের নামে ভয় দেখিয়ে টাকা আদায়ের অভিযোগ উঠতেই শিলিগুড়ি পুলিশের স্পেশ্যাল অপারেশন গ্রুপ (এসওজি) এবং ডিটেকটিভ ডিপার্টমেন্টের (ডিডি) যৌথ অভিযানে ধরা পড়ল তিন ভুয়ো এনআইএ অফিসার। মাটিগাড়া থানা এলাকার এক ব্যবসায়ীর বাড়িতে ভুয়ো তদন্ত করতে যায় ওই তিনজন। সেখানে নিজেদের এনআইএ অফিসার দাবি করে নথি যাচাইয়ের নামে ভয় দেখায়। ওই ব্যবসায়ীর কাছ থেকে আদায় করে এক লক্ষ টাকা। আবারও উপঢৌকন দাবি করায় সন্দেহ জাগে ওই ব্যবসায়ীর। ওই ব্যবসায়ীই প্রথম পুলিশকে বিষয়টি জানান। এসওজি এবং ডিডির অভিযানে ধরা পরে এসান আহমেদ, রেহান বাবর এবং মানিক রায়। দু’জনের বাড়ি উত্তর দিনাজপুরের পাঞ্জিপাড়া, আরেকজনের বাড়ি শিলিগুড়িতে। ধৃতদের কাছ থেকে বাজেয়াপ্ত করা হয়েছে একটি ছোট গাড়ি, একটি স্কুটি, নগদ ১৩ হাজার টাকা এবং ছ’টি মোবাইল ফোন। রবিবার ধৃতদের শিলিগুড়ি আদালতে তোলা হলে তাদের পুলিশ হেফাজতে পাঠানো হয়েছে। ধৃতদের সঙ্গে আরও বড় চক্র যুক্ত আছে কিনা তা খতিয়ে দেখছে পুলিশ।

ধৃত এসান আহমেদ, রেহান বাবর, মানিক রায়।

বৈঠকে আজ অভিষেক

● ১ পাতার পর

বিএলও–দের কাজ বেড়েছে। এসআইআর নিয়ে দলের কী অবস্থান হবে, তা অভিষেকের ভার্চুয়াল–মিটিংয়ে সব জানা যাবে। তৃণমূল মহিলা কংগ্রেসের সভাপতি ও রাজ্যের মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য বলেন, ২০০২–এর ভোটার তালিকা নিয়ে এসআইআর করতে নামা নির্বাচন কমিশনের সবচেয়ে বড় ভুল। এর ফলে বিভিন্ন জায়গায় ঘটনা ঘটছে। কেউ কেউ আত্মহত্যা করছেন। ২০০৪ সালের ভোটার তালিকা নিয়ে এসআইআর–এ নামলে আমার মতে অনেক ভাল হত। রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস বলেন, এটা ষড়যন্ত্র ছাড়া আর কিছু নয়। মৃত্যুমিছিল আগে দেখিনি। ফর্ম বিলি করার কাজ আরও কয়েকদিন বাকি আছে। ৪ ডিসেম্বর এনুমারেশন ফর্ম নিয়ে যে কাজ চলছে, তার শেষদিন। ৯ ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশ হবে। তখন বোঝা যাবে, কত নাম বাংলা থেকে বাদ দিয়ে দেওয়া হয়েছে। আমাদের আন্দোলন আরও জোরদার হবে। একজন বৈধ ভোটারও যেন বাদ না যান।

বিধাননগরে উদ্ধার আধার কার্ড

বিধাননগরের বিএ ব্লকের রাস্তা থেকে উদ্ধার হল আধার কার্ড। রবিবার সকালের ঘটনা। বিধাননগর উত্তর থানার পুলিশ আধার কার্ডগুলি উদ্ধার করে। রাস্তায় যে আধার কার্ডগুলি পাওয়া গেছে সেগুলির নাম ও নম্বর ধরে ওই পরিচয়পত্রের ব্যক্তিদের সঙ্গে যোগাযোগ করে পুলিশ জেনেছে, সেগুলি ভিনরাজ্যের বাসিন্দাদের। তাঁরা বাংলায় কাজের জন্য এসেছিলেন।

pnb Housing Finance Limited — Ghar Ki Baat

পরিশিষ্ট–IV–A — স্থাবর সম্পত্তি(সমূহ) ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই–নিলাম বিক্রির বিজ্ঞপ্তি

রেজিস্টার্ড অফিস: ফ্লোর নং ৯, অন্তরীক্ষ ভবন, ২২, কস্তুরবা গান্ধী মার্গ, নতুন দিল্লি–১১০০০১। ফোন: ০১১–২৩৩৫৭১৭১, ২৩৩৫৭১৭২, ২৩৭০৫৪১৪, ওয়েবসাইট: www.pnbhousing.com

কলকাতা শাখা অফিস : ফ্লোর নং ৫, সাউথ ব্লক, প্রেমিসেস নং ৭, কিড স্ট্রিট, কলকাতা–৭০০০১৬

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত নীচের টেবিলে কলাম নং ‘A’–তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/সুরক্ষিত ঋণদাতা–এর অনুমোদিত আধিকারিক দ্বারা নীচের টেবিলে কলাম নং ‘D’–তে বর্ণিত সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক দ্বারা গঠনমূলক/ বাস্তবিক দখল (কলাম নং ‘C’–তে উল্লেখমতো) নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দায়বদ্ধ স্থাবর সম্পত্তিগুলি নীচে উল্লিখিত বিশদ তথ্য অনুযায়ী ‘যেখানে আছে, যেমন আছে, যা কিছু আছে’ ভিত্তিতে বিক্রি করা হবে। নীচের টেবিলে কলাম নং ‘A’ তে উল্লিখিত ঋণগ্রহীতা(গণ)/ বন্ধকদাতা(গণ)/ সংশ্লিষ্ট ঋণগ্রহীতাগণ বা বন্ধকদাতাগণের (প্রয়াত হলে) আইনি উত্তরাধিকারীগণ (জ্ঞাত বা অজ্ঞাত), এগজিকিউটর(গণ), অ্যাডমিনিস্ট্রেটর(গণ), সাক্সেসর(গণ), অ্যাসাইনি(গণ) (প্রযোজ্যমতো)–এর প্রতি হাল তারিখ পর্যন্ত সংশোধনী–সহ পঠনীয় সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬) ও ৯–এর সংস্থানাধীনে এতদ্দ্বারা এই বিজ্ঞপ্তিটি জারি করা হচ্ছে। বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড/ সুরক্ষিত ঋণদাতার এই ওয়েবসাইট দেখুন: www.pnbhousing.com.

লোন নম্বর/ ঋণগ্রহীতা/ সহ–ঋণগ্রহীতা/ জামিনদার(গণ)/ আইনি উত্তরাধিকারীর নাম (A)	দাবিকৃত অর্থাঙ্ক ও তারিখ (B)	দখলের প্রকৃতি (C)	বন্ধক রাখা সম্পত্তির বিবরণ (D)	সংরক্ষণ মূল্য (আরপি) (E)	ইএমডি (আরপি–র ১০%) (F)	ডাক জমার শেষ তারিখ (G)	ডাক বাড়ানোর হার (H)	পরিদর্শনের তারিখ ও সময় (I)	নিলামের তারিখ ও সময় (J)	জ্ঞাত দায়/ বিচারাধীন মামলা (যদি থাকে) (K)
HOU/ KOL/ 1022/ 1044070 অমরজিৎ রাজবংশী, লক্ষ্মী রাজবংশী শাখা অফিস: কলকাতা	₹ ১৪৩৯২০১.৮ এবং ৫.৮.২০২৫	বাস্তবিক দখল	১ কাঠা ৮ ছটাক বা ১০৮০ বর্গফুট বা ২.৪৮ শতক বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– নৈহাটি, জে এল নং ৩, আর এস দাগ নং ২৭১, আর এস খতিয়ান নং ১০৪৪, এল আর দাগ নং ৪৪৪, এল আর খতিয়ান নং ১০২৬ ও ১৪৯৬, হোল্ডিং নং ১৩৯, গিরিশ ঘোষাল রোড, থানা– নৈহাটি, জেলা– উত্তর ২৪ পরগনা, পিন–৭৪৩১৬৬, ওয়ার্ড নং ১৬, অ্যাডিশনাল ডিস্ট্রিক্ট সাব রেজিস্ট্রার– নৈহাটি, নৈহাটি পুরসভার এলাকাধীন, তৎসহ যৌথ এলাকা। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– সাথী দাস ও সুজিত দাসের জমি; দক্ষিণ– প্রয়াত চট্ট মুহুরির জমি; পূর্ব– ৯ ফুট চওড়া যৌথ পরিসর; পশ্চিম– তৃপ্তিরানি পালের জমি।	₹ ২০৭৭০০০	₹ ২০৭৭০০	২৯.১২.২০২৫	₹ ১০০০০	১২.১২.২০২৫ সকাল ১০টা থেকে বিকেল ৫টা ৩০ মিনিট	৩০.১২.২০২৫ দুপুর ২টো থেকে দুপুর ৩টে	জানা নেই

* তৎসহ পরিশোধের তারিখ পর্যন্ত এবং/বা পরবর্তীতে আদায়ীকৃত অর্থাঙ্ক বাদে বার্ষিক ১৮% হারে প্রযোজ্যমতো সুদ, আনুষঙ্গিক খরচ, মাশুল, চার্জ ইত্যাদি। ** পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড–এর অনুমোদিত আধিকারিকের সেরা জ্ঞান ও তথ্যানুসারে উপরিলিখিত স্থাবর/ সুরক্ষিত পরিসম্পদের ওপর অন্য কোনও দায়/ দাবি বকেয়া নেই (কলাম নং ‘K’–তে উল্লিখিত বাদে)। পরবর্তী যাবতীয় দায় সফল ক্রেতা/ডাকদাতাকেই আদায় দিতে হবে। উল্লিখিত দায়গুলির পরিস্থিতি স্বাধীনভাবে যাচাই করে নেওয়ার জন্য সম্ভাব্য ক্রেতা(গণ)/ ডাকদাতাদের প্রতি অনুরোধ জানানো হচ্ছে। ১. আজকের তারিখ পর্যন্ত উপরিলিখিত স্থাবর সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ বিক্রি, দায় ঝেড়ে ফেলা ও/বা হস্তান্তর করায় পিএনবি এইচএফএল/ পিএনবি এইচএফএল–এর অনুমোদিত আধিকারিকের প্রতি নিষেধাজ্ঞা জারি করে কোনও আদেশ/ আদালতের স্থিতাবস্থা জারির নির্দেশ নেই। ২.নিজেদের দরপত্র/ বিড অ্যাপ্লিকেশন ফর্ম জমা দেওয়া বা দরপ্রস্তাব(সমূহ) পেশের আগে সম্ভাব্য ক্রেতা/ ডাকদাতা এবং আগ্রহী পক্ষগণ ওপরের টেবিলে কলাম নং ‘K’–তে উল্লিখিত মামলা/ জারিকৃত আদেশের প্রেক্ষিতে শুনানি স্বাধীনভাবে পর্যবেক্ষণ করতে পারেন এবং এগুলি বাদেও তাঁরা পিএনবি এইচএফএল–এর জিম্মায় থাকা সম্পত্তির নথিপত্র ও স্বত্ব যাচাই করে নিজেরা নিঃসন্দেহ হয়ে নিতে পারেন। বিড ফর্মের পাশাপাশি ডাকদাতা(গণ)–কে এই নিলামের শর্ত ও নিয়মাবলিতেও স্বাক্ষর করতে হবে। ৩. অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(৩)–এর শর্তানুসারে ডাকদাতা(গণ)/ ক্রেতা নিলামের দিনেই বা সর্বাধিক পরবর্তী কাজের দিনের মধ্যে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (জমাকৃত ইএমডি ধরে, যদি থাকে) আদায় দিতে বাধ্য। সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৯(২) অনুযায়ী সুরক্ষিত ঋণদাতা বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক বুঝে পাওয়ার পরে সফল ক্রেতার/ ডাকদাতার অনুকূলে বিক্রয় চূড়ান্ত করা হতে পারে। ক্রেতাকে বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক আদায় দিতে হবে বিক্রি নিষ্পত্তির চিঠি প্রাপ্তির ১৫ দিনের মধ্যে এবং এরূপে অর্থাঙ্ক আদায় দিতে ব্যর্থ হলে সম্পত্তি/ সুরক্ষিত পরিসম্পদ পুনরায় বিক্রি করা হবে। ৪.ই–নিলামের মাধ্যমে বিক্রি পরিচালনায় অনুমোদিত আধিকারিকের সহায়তায় থাকবে মেসার্স ৪ ক্লোজার, কর্পোরেট অফিসের ঠিকানা: ৬০৫এ, ফ্লোর ৬, মাতৃভনম, অমরপেট, হায়দরাবাদ–৫০০০৩৮, ওয়েবসাইট: www.bankeauctions.in। সম্পত্তি পরিদর্শন বা বিড ডকুমেন্ট সংগ্রহ সংক্রান্ত কোনও সহায়তার প্রয়োজনে এবং রেজিস্ট্রেশন সম্পর্কিত কোনও প্রশ্নের ব্যাখ্যা পেতে আপনারা এখানে যোগাযোগ করতে পারেন: পিএনবিএইচএফএল–এর অনুমোদিত ব্যক্তি মিঃ ইন্দ্র সেন যাদব, যোগাযোগের টোল ফ্রি নম্বর: ১৮০০ ১২০ ৮৮০০, auction@pnbhousing.com অথবা, www.pnbhousing.com দেখতে পারেন।

স্থান: কলকাতা; তারিখ: ২৪.১১.২০২৫ — স্বা/– অনুমোদিত আধিকারিক, মেসার্স পিএনবি হাউজিং ফিনান্স লিমিটেড

केनरा बैंक Canara Bank — सिंडिकेट Syndicate

রিজিওনাল অফিস: কলকাতা–II
রিকভারি অ্যান্ড লিগ্যাল সেকশন
৬৫১, আনন্দপুর, মনোবিকাশ কেন্দ্রের কাছে, তৃতীয় তল (ফ্লোর নং ২), কলকাতা–৭০০১০৭

ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি
তারিখ: ২৬.১২.২০২৫

এতদ্দ্বারা এই মর্মে বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে যে, সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২–এর সংস্থান মোতাবেক দখল নেওয়া নিম্নবর্ণিত সম্পত্তিগুলি অনলাইন পদ্ধতিতে নিম্নোক্তমতো ই–নিলামের মাধ্যমে বিক্রি করা হবে:
নিম্নলিখিত শর্ত ও নিয়মাবলি অনুসারে নিম্নলিখিত সুরক্ষিত পরিসম্পদগুলি ক্রয়ে আগ্রহী ক্রেতাদের থেকে দরপ্রস্তাব আমন্ত্রণ করা হচ্ছে।

ক্রম নং	ক) সুরক্ষিত ঋণদাতার নাম ও ঠিকানা খ) ঋণগ্রহীতা/ বন্ধকদাতা/জামিনদারের নাম ও ঠিকানা	ক) দায় (তৎসহ বকেয়া সুদ) খ) ১৩(২) ধারাধীনে দাবি বিজ্ঞপ্তির তারিখ গ) ১৩(৪) ধারাধীনে দখল বিজ্ঞপ্তির তারিখ	সম্পত্তিগুলির বিশদ বিবরণ	ক) সংরক্ষণ মূল্য খ) ইএমডি গ) বিড বাড়ানোর মূল্য ঘ) যোগাযোগের ব্যক্তি, ব্রাঞ্চ ও রিজিওনাল অফিস ঙ) ইএমডি জমার অ্যাকাউন্ট
১.	ক) কানাড়া ব্যাঙ্ক, বোয়ালিয়া শাখা (০৩৬১৭) খ) মাধব সরকার পিতা– মনোরঞ্জন সরকার গ্রাম– রুদ্রপুর দেবীগড়, পোঃঅঃ– নীলগঞ্জ বাজার, থানা– দত্তপুকুর, কলকাতা, পশ্চিমবঙ্গ, পিন–৭০০১২৬ বিকল্প ঠিকানা: নং ৩, চণ্ডীগড়, মধ্যমগ্রাম, জেলা– উত্তর ২৪ পরগনা, পিন–৭০০১৩০ বিকল্প ঠিকানা: ১ নং দেবীগড়, পোঃঅঃ– মধ্যমগ্রাম, থানা– বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা, কলকাতা–৭০০১২৯	ক) ₹১৭,৬২,৬৩৫.৫৫ + ১৩.০৫.২০২৫ থেকে উদ্ভূত সুদ ও চার্জ খ) ১৯.০৫.২০২৫ গ) ২৪.০৭.২০২৫	মাধব সরকার (ঋণগ্রহীতা ও বন্ধকদাতা)–এর সম্পত্তির অপরিহার্য সমগ্র পরিমাণ। উপরিস্থিত একতলা আবাসবাড়ি সমেত সামান্য কমবেশি ১ কাঠা ৫ ছটাক জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা– রুদ্রপুর, হাল নং ১৪৬, তৌজি নং ১২, জে এল নং ১৯, এল আর খতিয়ান নং ৩০৯, আর এস এবং এল আর দাগ নং ২০৯ ও ২০১০, ইছাপুর–নীলগঞ্জ গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন, থানা– বারাসত, জেলা– উত্তর ২৪ পরগনা, এর মধ্যে ৪ ছটাক ১০ বর্গফুট জমির দাগ নং ২০৯ এবং ১ কাঠা ৩৫ বর্গফুট জমির দাগ নং ২১০। সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর– দাগ নং ২০৭ ও ২০৮; দক্ষিণ– ৬ ফুট চওড়া যৌথ পরিসর; পূর্ব– স্কিম প্লট নং বি/১ সংবলিত জমি; পশ্চিম– স্কিম প্লট নং সি/১ সংবলিত জমি। [সম্পত্তিটি ব্যাঙ্কের গঠনমূলক দখলে রয়েছে]	ক) ₹৬.৭০ লক্ষ খ) ₹০.৬৭ লক্ষ গ) ₹১০,০০০.০০ ঘ) যোগাযোগের ব্যক্তি: ব্রাঞ্চ–ইন–চার্জ মোবাইল: ৭০০৩২ ৮২৫২২ / ৮৩৩৪৯ ৯১১০৪ ঙ) ইএমডি অর্থাঙ্ক বাবদ ₹০.৬৭ লক্ষ BAANKNET.COM পোর্টালে (https://baanknet.com/) উপলব্ধ ই–ওয়ালেটে যোগ করে জমা দিতে হবে

ই–নিলামের তারিখ ও সময়: ১৭.১২.২০২৫, সকাল ১১টা ৩০ মিনিট থেকে দুপুর ১টা ৩০ মিনিট; ইএমডি জমার শেষ তারিখ: ১৬.১২.২০২৫, বিকেল ৫টা পর্যন্ত

–: শর্ত ও নিয়মাবলি :–

১. পরিসম্পদগুলি **‘যেখানে যেমন আছে’, ‘যেভাবে আছে’ ও ‘যা কিছু আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।
২. নির্ধারিত সংরক্ষণ মূল্যের কমে পরিসম্পদগুলি বিক্রি করা হবে না।
৩. কোনও সম্পত্তির ক্ষেত্রে মাত্র একজন বিডার হলে সেই বিডার/ ক্রেতাকে সংরক্ষিত মূল্যের এক ডাক ওপরে বিড করতে হবে।
৪. আমাদের সার্ভিস প্রোভাইডারের ওয়েবসাইট অর্থাৎ, BAANKNET.COM (https://baanknet.com/) –এর মাধ্যমে কেবলমাত্র **‘অনলাইন ইলেকট্রনিক পদ্ধতি’**তে নিলাম/ বিডিং আয়োজিত হবে।
৫. নির্ধারিত সংরক্ষণ মূল্যের ১০% হারে ইএমডি বাবদ অর্থাঙ্ক সরাসরি মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড **[BAANKNET.COM (https://baanknet.com/)]**–এর ই–ওয়ালেটে অথবা এখান থেকে চালান জেনারেট করে আরটিজিএস/ এনইএফটি–র মাধ্যমে উক্ত চালানে উল্লিখিত অ্যাকাউন্টে সর্বশেষ ১৬.১২.২০২৫ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে।
৬. সার্ভিস প্রোভাইডার **মেসার্স পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড [BAANKNET.COM (https://baanknet.com/)]–এর সঙ্গে যোগাযোগ সম্পর্কিত তথ্য: ৭০৪৬৬১২৩৪৫ / ৬৩৫৪৯১০১৭২ / ৮২৯১২২০২২০ / ৯৮৯২২১৯৮৪৮ / ৮১৬০২০৫০৫১, ই–মেল আইডি: support.BAANKNET@psballiance.com।**
৭. সংশ্লিষ্ট ব্রাঞ্চ আধিকারিকদের সঙ্গে আগাম যোগাযোগের পরে **০৮.১২.২০২৫ থেকে ১২.১২.২০২৫ তারিখের মধ্যে যে কোনও কাজের দিনে দুপুর ১২টা থেকে বিকেল ৪টার মধ্যে** পরিসম্পদগুলি পরিদর্শন করা যাবে।
৮. সফল ক্রেতা/সর্বাধিক বিডারকে বিক্রয়মূল্যের ২৫% অর্থাঙ্ক (ইতিমধ্যে প্রদত্ত ইএমডি অন্তর্ভুক্ত করে) তাঁকে সর্বাধিক দরদাতা/সফল ক্রেতা ঘোষণার সঙ্গে সঙ্গে জমা দিতে হবে এবং বিক্রয়মূল্যের বাকি ৭৫% অর্থাঙ্ক জমা দিতে হবে বিক্রয় নিষ্পত্তির তারিখ থেকে ১৫ দিনের মধ্যে। ওপরে উল্লিখিত এই নির্ধারিত মেয়াদের মধ্যে সফল দরদাতা/ ক্রেতা পুরো বিক্রয়মূল্য আদায় দিতে ব্যর্থ হলে, তাঁর তরফে জমাকৃত যাবতীয় অর্থাঙ্ক বাজেয়াপ্ত করা হবে।
৯. প্রযোজ্যমতো স্ট্যাম্প ডিউটি ও রেজিস্ট্রেশন চার্জ, যে কোনও প্রকার বিধিবদ্ধ বকেয়া/ দর/ কর/ রেজিস্ট্রেশন ফি/ বিবিধ খরচাপাতি/ সরকারি বকেয়া/ যে কোনও কর্তৃপক্ষের কাছে বকেয়া ইত্যাদি কেবলমাত্র সফল দরদাতা/ক্রেতাকেই বহন করতে হবে।
১০. তাঁদের বকেয়া পুরোপুরি আদায় না দিলে ওপরে লেখা তারিখ, সময় ও স্থানে নিলাম বিক্রি আয়োজনের ব্যাপারে উপরোক্ত ঋণ সম্পর্কিত ঋণগ্রহীতা এবং জামিনদারগণের প্রতিও এটি একটি বিজ্ঞপ্তি হিসেবে গণ্য হবে।
১১. কোনও কারণ না দেখিয়ে প্রাপ্ত যে কোনও বা সমস্ত প্রস্তাব/বিড গ্রহণ বা বাতিল করা বা এই বিক্রি বাতিলের অধিকার ব্যাঙ্কের থাকবে।
১২. এতদ্দ্বারা ওপরে লেখা ই–নিলামের নির্ধারিত তারিখের মধ্যে সর্বশেষ তারিখ পর্যন্ত সুদ ও আনুষঙ্গিক খরচাপাতি সমেত বকেয়া অর্থাঙ্ক পুরোপুরি আদায় দেওয়ার জন্য সংশ্লিষ্ট ঋণগ্রহীতা/ জামিনদারের প্রতি এই বিজ্ঞপ্তি জারি করা হচ্ছে, যেমনটা করতে তাঁরা ব্যর্থ হলে ওপরে লেখা সম্পত্তিগুলি নিলাম/বিক্রি করা হবে এবং এর পরেও যদি কোনও অর্থাঙ্ক বকেয়া থাকে, তাহলে তা সুদ ও মাশুল সমেত তাঁদের থেকে আদায় করা হবে।
১৩. বিশদ তথ্য কানাড়া ব্যাঙ্কের এই ওয়েবসাইটে দেওয়া আছে: **www.canarabank.com**।

তারিখ: ১৫.১১.২০২৫ / স্থান: কলকাতা — অনুমোদিত আধিকারিক/ কানাড়া ব্যাঙ্ক